



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০১৮.০১১.০০.০০.০০২.২০১১-৩০৭

তারিখ : ২৭ মাঘ ১৪২৬
১০ ফেব্রুয়ারি ২০২০

সংশোধিত পরিপত্র

বিষয় : গ্রামপুলিশ (দফাদার ও মহল্লাদার)-দের পোষাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের ইউনিয়ন পরিষদসমূহে কর্মরত গ্রামপুলিশদেরকে (দফাদার ও মহল্লাদার) নিম্নবর্ণিত পোষাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহ করার জন্য সরকার কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে :

১. প্রতি বৎসর ২টি জামা, ২টি প্যান্ট (জামা-একটি ফুল, একটি হাফ নীল রং এবং প্যান্ট খাকী রং) চৌকিদারদের জন্য লাল রংয়ের সোল্ডার ব্যাচ, ইউনিয়ন কমান্ডার/দফাদারদের জন্য সোল্ডার ব্যাচে কালো কাপড়ের রিবন ২টি এবং প্রতি বৎসর একটি বেল্ট।
২. প্রতি ২ বৎসর অন্তর মাথার ক্যাপ মনোগ্রামসহ।
৩. মহিলা পুলিশদের ন্যায় মহিলা গ্রাম পুলিশদের পোষাক সরঞ্জামাদি।
৪. শীতের জন্য প্রতি ২ বৎসর অন্তর একটি 'জ্যাকেট' এবং উলের জামা। মহিলা পুলিশদের জন্য 'কার্টিগান'।
৫. প্রতি ২ বৎসর অন্তর ১ জোড়া উন্নতমানের চামড়ার জুতা (মোজাসহ) এবং প্রতি বৎসর উন্নতমানের কাপড়ের জুতা ১ জোড়া।
৬. প্রতি ৩ বৎসর অন্তর একটি রেইন কোট।
৭. প্রতি ৩ বৎসর অন্তর খাতা-কলম, অফিসের কাগজপত্র, জামা কাপড় বহন করার জন্য একটি সাইড ব্যাগ।
৮. প্রতি ২ বৎসর অন্তর উন্নতমানের একটি ৪.৫০ ভোল্ট চার্জার টর্চ লাইট এবং একটি ছাতা (গ্রামপুলিশ মনোগ্রামসহ)।
৯. প্রতি ২ বৎসর অন্তর একটি লায়নার বঁশী এবং একটি বেতের লাঠি।
১০. প্রতি ৫ বৎসর অন্তর একটি উন্নতমানের বাই-সাইকেল।

০২। এমতাবস্থায়, উক্ত সিদ্ধান্ত অনুযায়ী গ্রামপুলিশদেরকে পোষাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো এবং সংক্রান্ত ইতোপূর্বে জারীকৃত ০৪/১০/২০১১ তারিখের ৫৫৯নং স্মারকের পরিপত্র এতদ্বারা বাতিল করা হলো।

(মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী)
উপসচিব
ফোন : ৯৫১৪১৯০

বিতরণ :

- ১। জেলা প্রশাসক (সকল)-----জেলা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)-----উপজেলা-----জেলা।

স্মারক নং-৪৬.০১৮.০১১.০০.০০.০০২.২০১১-৩০৭

তারিখ : ২৭ মাঘ ১৪২৬
১০ ফেব্রুয়ারি ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। বিভাগীয় কমিশনার (সকল)-----বিভাগ।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপপরিচালক, স্থানীয় সরকার (সকল)-----জেলা।
- ৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। চেয়ারম্যান, বাংলাদেশ গ্রামপুলিশ কর্মচারী ইউনিয়ন, ২৩/২ তোপখানা রোড, ঢাকা।

(মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী)
উপসচিব